

এমআরএনএ কোভিড-19 টিকাসমূহঃ কিছু তথ্য

BENGALI

কোভিড-19 এর সাথে লড়াই করার জন্য দুটি মেসেঞ্জার আরএনএ (এমআরএনএ) টিকা হেলথ কানাডা দ্বারা অনুমোদিত হয়েছেঃ ফাইজার-বায়োএনটেক এবং মডার্না। 95% প্রতিরোধ ক্ষমতার জন্য আপনার প্রয়োজন দুটি টিকার। অবশেষে এগুলি সমস্ত কানাডীয়দের কাছে পেশ করা হবে। ভবিষ্যতে আরো বিভিন্ন ধরণের টিকা আসবে।

এই বিলিপত্রটির উদ্দেশ্য চিকিৎসাশাস্ত্র-সম্পর্কিত সঠিক তথ্য দেওয়া যাতে আপনি অবহিত সিদ্ধান্ত নিতে পারেন। এটি চিকিৎসকগণ দ্বারা নিরীক্ষিত। মার্চ 2021 এর পর হতে এটি সাম্প্রতিকতম তথ্য, এবং প্রয়োজন মতো এই তথ্য হালনাগাদ করা হবে।

মেসেঞ্জার আরএনএ (এমআরএনএ) টিকাসমূহ কিভাবে কাজ করে?

অধিকাংশ টিকার মতো, কোভিড-19 টিকা আমাদের অ্যান্টিবডি তৈরী করে যা সংক্রমণের সাথে লড়াই করতে সাহায্য করে। কোভিড-19 টিকা মেসেঞ্জার আরএনএ (এমআরএনএ) ব্যবহার করে। এমআরএনএ হল এমন অণু যা আমাদের কোষসমূহের সেই অংশে বার্তা বহন করে যেখানে প্রোটিন তৈরী হয়। এই ক্ষেত্রে এমআরএনএ কোভিড-19 এ প্রাপ্ত প্রোটিনটি তৈরী করে। একবার এই কোভিড-19 প্রোটিন তৈরী হলে আপনার শরীর অ্যান্টিবডি তৈরী করে কিভাবে এটিকে মেরে ফেলতে হয় তা শিখে নেয়। ভবিষ্যতে আপনার শরীর যদি কখনও কোভিড-19 এর প্রোটিনগুলি দেখে, অ্যান্টিবডিগুলি এগুলিকে আক্রমণ করবে এবং ভাইরাসটিকে দ্রুত মেরে ফেলবে। এই ভাবে টিকাটি আপনাকে সুরক্ষা প্রদান করে।

মনে রাখা প্রয়োজন যে আমাদের শরীর ব্যবহারের পর এমআরএনএকে বর্জন করে দেয় এবং এটি আমাদের শরীরে বেশীক্ষন থাকে না। এ ছাড়াও, এমআরএনএটি আমাদের ডিএনএকে পরিবর্তন করতে পারেনা।



আরো জানতে হলে দেখুনঃ

<https://www.canada.ca/en/health-canada/services/drugs-health-products/covid19-industry/drugs-vaccines-treatments/vaccines/type-mrna.html>

টিকাসমূহ কী উপাদান দিয়ে তৈরী?

টিকাসমূহের মধ্যে ঔষধ জাতীয় এবং অ-ঔষধ জাতীয় উপাদান রয়েছে। অ-ঔষধ জাতীয় উপাদানগুলির মধ্যে রয়েছে জল/পানি ও শর্করা। এতে কোনও পারদ, জ্বাণ-কোষ, ফরমালডিহাইড, রক্তজাত দ্রব্য, শূকর, পশু থেকে প্রাপ্ত দ্রব্য, বা এলুমিনিয়াম নেই।



আরো জানতে হলে দেখুনঃ

- <https://www.canada.ca/en/health-canada/services/drugs-health-products/covid19-industry/drugs-vaccines-treatments/vaccines/pfizer-biontech.html>
- <https://www.canada.ca/en/health-canada/services/drugs-health-products/covid19-industry/drugs-vaccines-treatments/vaccines/moderna.html>

এমআরএনএ কোভিড-19 টিকাসমূহঃ কিছু তথ্য

BENGALI

পার্শ্বপ্রতিক্রিয়া কী কী?

কোভিড-19 টিকার সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ অন্য যে কোনও টিকার পার্শ্বপ্রতিক্রিয়াসমূহের মতো (যেমন ফু এর টিকা)। অনেকের সূচিপ্রয়োগ বা ইঞ্জেকশন প্রয়োগ করার স্থানে ব্যাথা, ক্লান্তি, মাথায় ব্যাথা, মাংসপেশী/গ্রন্থিতে ব্যাথা, জ্বর, অথবা কাঁপুনি হয়। কিছু ব্যক্তিবর্গের বিরূপ প্রতিক্রিয়া বা অ্যালার্জি হতে পারে। এই কারণে টিকা নেওয়ার পর আপনাকে অপেক্ষা করার জায়গায় 15-20 মিনিট অপেক্ষা করতে হবে। আপনার যদি কোনও বিরূপ প্রতিক্রিয়া বা অ্যালার্জি হয় বা কোনও বিরল পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ হয়, তাহলে চিকিৎসার সাথে পেশাদার রূপে জড়িত কারো সাথে কথা বলুন।



আরো জানতে হলে দেখুনঃ

http://www.health.gov.on.ca/en/pro/programs/publichealth/coronavirus/docs/vaccine/COVID-19_about_vaccines.pdf

কাদের টিকা নেওয়া উচিত নয়?

নিম্নবর্ণিত গ্রুপকে টিকা না নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছেঃ

- আপনার যদি টিকায় ব্যবহৃত কোনও দ্রব্যে অ্যালার্জি থাকে
- যে কোনও অসুস্থ ব্যক্তি
- বিগত 14 দিনে আপনি যদি অন্য একটি টিকা নিয়ে থাকেন
- ফাইজার-বায়োএনটেক এর ক্ষেত্রে 16 বছরের কম বয়সীরা ও 18 বছরের কম বয়সীরা মডার্না টিকার ক্ষেত্রে। এদের গবেষণায় অন্তর্ভুক্ত করা হয়নি তবে আমরা শীঘ্রই আরো তথ্য পাবো।



আরো জানতে হলে দেখুনঃ

http://www.health.gov.on.ca/en/pro/programs/publichealth/coronavirus/docs/vaccine/COVID-19_information_sheet_pfizer-biontech.pdf

আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর সাথে কথা বলে আপনি টিকাটি গ্রহণ করতে পারেন যদিঃ

- আপনি অন্তঃসম্মত হন
- আপনি স্তন্যপান করান
- আপনার প্রতিরোধ ক্ষমতা দুর্বল থাকে
- আপনার অন্য কোনও টিকা, খাদ্য, অথবা ওষুধে মারাত্মক অ্যালার্জি থেকে থাকে
- আপনার মনে হয় যে কোভিড-19 এর টিকায় ব্যবহৃত কোনও উপাদানে আপনার অ্যালার্জি থাকতে পারে



আরো জানতে হলে দেখুনঃ

http://www.health.gov.on.ca/en/pro/programs/publichealth/coronavirus/docs/vaccine/COVID-19_vaccination_recommendations_special_populations.pdf